

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
হিসাব ভবন
সেগুনবাগিচা ঢাকা- ১০০০।

স্মারক নং-সিএএফও/পবওজপম/অডিট আপত্তি/২০২১/

তারিখঃ / /২০২১ খ্রিঃ

বিষয়ঃ অক্টোবর/২০২১খ্রিঃ মাসের “বঙ্গোপসাগরে জেগে ওঠা উপকূলীয় এলাকায় বনায়ন” প্রকল্প নোয়াখালীর মাসিক হিসাব দাখিল ও হিসাবভুক্তি সংক্রান্ত।

সূত্রঃ বিভাগীয় বন কর্মকর্তা, উপকূলীয় বন বিভাগ, নোয়াখালী, স্মারকঃ ২২.০১.৭৫০০.৫৭৯.২৯.০০১.২১.১৭৪২ তারিখঃ ০৪/১১/২০২১খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

মাসের হিসাবের ভাউচার ও সংশ্লিষ্ট তথ্যাদি পর্যাপ্ত না থাকায় ব্যয় হিসাবভুক্ত করার পূর্বে ব্যয়ের যথাযথতা নির্ণয় করা সম্ভব হয়নি, ফলে খরচের পরিমাণ অতিরিক্ত অথবা মিস কোডিং হতে পারে যা পরবর্তীতে জুন ক্রোজিং এ জটিলতা তৈরী করবে। নিম্ন লিখিত বিষয়ে যথাযথ কার্যক্রম গ্রহণ পূর্বক এ কার্যালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

১।

ক্রমিক নং	কোড	মালামালের বিবরণ	টাকার পরিমাণ	ঠিকাদারী প্রতিষ্ঠান
১।	৪১১৩১০২	স্টেশনারী	১৭,৬৭,৪৯০/-	মের্সিস সার্জিফ এন্টারপ্রাইজ
২।	৪১১৩১০২	স্টেশনারী	৪,৮০,৯৬০/-	মের্সিস জান্নাত এন্টারপ্রাইজ
৩।	৪১১৩১০২	স্টেশনারী	৩,৪৬,৩১১/-	মের্সিস জান্নাত এন্টারপ্রাইজ
৪।	৪১১৩১০২	স্টেশনারী	৩,৭৬,০১৬/-	মের্সিস জান্নাত এন্টারপ্রাইজ
৫।		মোট টাকা =	২৯,৭০,৭৭৭/-	

৪১১৩১০২ কোড হতে বৃক্ষ শস্য ও উদ্ভিজ্জ সম্পদ উৎপাদনকারী আবর্তক পণ্য খাত হতে স্টেশনারী (অফসেট পেপার, ট্রেসিং পেপার, ফাইল কভার, চটের ব্যাগ, সুতালী ইত্যাদি) ক্রয় করা হয়েছে। যাহা আর্থিক শৃঙ্খলা পরিপন্থী।

জি এফ আর প্যারা

১০ লক্ষ্যন করে উচ্চদামে মালামাল ক্রয় করা হয়েছে। বিলের সাথে সংযুক্ত ভাউচারে মালামালের মূল্য উল্লেখ করা হয়নি যা গুরুতর আর্থিক অনিয়ম। মালামালের মূল্য ব্যতীত কিভাবে বিল পরিশোধ করা হয়েছে। DPM পদ্ধতিতে অর্থ বছরে সর্বোচ্চ= ১০ লক্ষ টাকা পর্যন্ত ক্রয় করা যায়। আলোচ্য ক্ষেত্রে DPM পদ্ধতির ব্যত্যয় ঘটিয়ে মালামাল ক্রয় করা হয়েছে এবং ক্রয়ের ক্ষেত্রে ভাউচার দেয়া হয়নি, সুতরাং নিম্নে রেকর্ডপত্র প্রেরণ আবশ্যিক।

ক) বার্ষিক ক্রয় পরিকল্পনা

খ) দরপত্র দলিল

গ) বিজ্ঞপন প্রকাশ

ঘ) দরপত্র কমিটি ও মূল্যায়ন কমিটির তালিকা

ঙ) দরপত্র অনুমোদন কপি

চ) চুক্তি স্বাক্ষর,

ছ) তুলনামূলক বিবরণী।

জ) কার্যাদেশ ইত্যাদি, প্রমানক প্রেরণ করা আবশ্যিক। কোন পদ্ধতি গ্রহণ করা হয়েছে, (RFQ/DPM/LTM/OTM) দ্রুত জানানো হউক। বর্ণিত ব্যয়কে অনিয়মিত খরচ হিসেবে চিহ্নিত করা হলো।

২। বিল হতে ভ্যাট ও আয়কর কর্তন করা হয়েছে কিন্তু Pay order দেয়া হয়েছে মোট টাকার উপর। Pay order সর্ববিস্তার নীট টাকা এর উপর হয়। বিলের সাথে ব্যয় মঞ্জুরী পাওয়া যায়নি।

৩। ২০১৯-২০২০ অর্থ বছরে সৃষ্টিত ৩৬ হেক্টর মেনশ্রোভ বাগানে ২০২১-২০২২ অর্থ বছরে আগাছা পরিষ্কার বাবদ কোড ৪১১৩১০২ এ ৮১,৪৩,২০০/- ব্যয় দেখানো হয়েছে। উক্ত ব্যয়ের স্বপক্ষে প্রকল্পের ডিপিসি মোতাবেক খরচ করা হয়েছে কিনা তার স্বপক্ষে প্রমাণক আবশ্যিক।

৪। গ্রহরী ওয়াচা নিয়োগ টাকা=১০,২০,০০০/- ওয়াচা বিল পরিশোধের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদিত তালিকা অবশ্যিক।

৫। রাজস্ব জমা ক্ষেত্রের হিসাবে গরমিলঃ

প্রকৃত রাজস্ব আয় অপেক্ষা কম জমা হিসাব ভুক্ত করা হয়েছে, রাজস্ব জমার স্বপক্ষে প্রমাণক প্রেরণ আবশ্যিক।

৬। আউট সোর্সিং খাতে কোড ৩২১১১৩১তে টাকা= ১০,৯০,৭১১/- হিসাব ভুক্ত করা হয়েছে। আউট সোর্সিং নিয়োগের ক্ষেত্রে প্রশাসনিক মন্ত্রণালয়ের মঞ্জুরী সহ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদিত তালিকা প্রেরণ আবশ্যিক।

৭। ভ্যাট ও আয়কর জমার ট্রেজারী চালান পাওয়া যায়নি।

উপর্যুক্ত হিসাব ভুক্তির জন্য একাউন্টস কোড ভলিউম ৩ এর অনুচ্ছেদ- ১৮২ অনুযায়ী “প্রতিটি হিসাবভুক্তির সমর্থনে লেনদেনের বিস্তারিত বিবরণ এবং অন্য বিভাগ কর্তৃক গৃহীত বনবিভাগের বিল ও ইনভয়েস কিংবা বনকর্মকর্তা কর্তৃক গৃহীত সরবরাহকারী বিভাগের বিল ও ইনভয়েস সংরক্ষণ করতে হবে”। একাউন্টস কোড ভলিয়ম ৩ এর অনুচ্ছেদ-২২৬ “চেক প্রদানের মাসিক রেজিস্টার (অনুচ্ছেদ-২০৬) এর একটি অনুলিপি প্রতিমাসের শেষ দিন ও মাসের বিবরণী তার পরবর্তী মাসের ৫ (পাঁচ) তারিখের মধ্যে সিএএফও কার্যালয়ের নিকট দাখিল করতে হবে এবং সকল প্রকার ভাউচার, নগদ টাকার সংযুক্তি প্রাপ্তি তথ্য উপরে বর্ণিত হিসাব বিবরণীর সঙ্গে পাঠাতে হবে”। যা self Accounting Entity দের ক্ষেত্রে Post audit before compilation কার্যক্রমের অংশ। জরুরী ভিত্তিতে কার্যকর পদক্ষেপ নেওয়ার জন্য অনুরোধ করা হলো।

সিএএফও মহোদয়ের অনুমোদনক্রমে।

১৪৪.

(শামীমুল হক খান চৌধুরী)
নিরীক্ষা ও হিসাবরক্ষণ অফিসার
ফোনঃ ৮৩৯১৮০৫

বিভাগীয় বন কর্মকর্তা,
বিভাগীয় বন কর্মকর্তার কার্যালয়
উপকূলীয় বন বিভাগ, নোয়াখালী।

স্মারক নংঃ-সিএএফও/পবওজপম/অডিট আপত্তি/২০২১/ ২৬৬৪/৪

তারিখঃ / /২০২১ খ্রিঃ

সদয় অবগতি ও কার্যার্থেঃ

১। হিসাব মহানিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা।

[দৃষ্টি আকর্ষণঃ অতিরিক্ত হিসাব মহানিয়ন্ত্রক (হিসাব ও পদ্ধতি শাখা)]

২। প্রধান বন সংরক্ষক, বন অধিদপ্তর, আগারগাঁও ঢাকা।

[দৃষ্টি আকর্ষণঃ উপ প্রধান বন সংরক্ষক]।

৩। মহা পরিচালক, কৃষি অডিট অধিদপ্তর, ইন্স্যুরেন্স ভবন, ঢাকা।

[দৃষ্টি আকর্ষণঃ পরিচালক]।

✓ ৪/১৫/২১ ৬ বই সি

(শামীমুল হক খান চৌধুরী)
নিরীক্ষা ও হিসাবরক্ষণ অফিসার
ফোনঃ ৮৩৯১৮০৫